প্রথম আলো

ভর্তি

# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটিতে ভর্তি: প্রবেশপত্র ডাউনলোড শুরু

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা

প্রকাশ: ০৫ জুলাই ২০২৬, ১০: ২৯



বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা *ফাইল ছবি*

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ২০২৫-২৬ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড শুরু হচ্ছে আজ রোববার, ৫ জুলাই ২০২৬ থেকে। কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ১১ জুলাই বেলা ৩টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যবসা শিক্ষা ও বিজ্ঞান ইউনিটের পরীক্ষা দুই শিফটে ১৭ জুলাই হবে। এদিন বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে বিজ্ঞান ইউনিটের আর বেলা ৩টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ব্যবসায় শিক্ষার পরীক্ষা হবে।

ভর্তি পরীক্ষা হবে এমসিকিউ পদ্ধতিতে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে ন্যূনতম ৪০ নম্বর প্রয়োজন। তবে কাঙ্ক্ষিত বিষয় পেতে হলে নির্ধারিত বিষয়ে অন্তত ৫ নম্বর পেতে হবে।

ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ওয়েবসাইটে গিয়ে সব তথ্য জানতে পারবেন। মোট আসন ১১ হাজার ২৯০টি। এর মধ্যে কলা ও সমাজবিজ্ঞানে ৪৪৯৮টি, বিজ্ঞানে ৪৭৯৫টি, ব্যবসায় ১৯৯৭টি আসন রয়েছে।

ভর্তি পরীক্ষা শেষ হওয়ার পর ৬ সেপ্টেম্বর থেকে ক্লাস শুরু হবে বলে নির্ধারণ করা হয়েছে।

সরকারি সাত কলেজের মধ্যে রয়েছে ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও কবি নজরুল সরকারি কলেজ।

---

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৬ প্রথম আলো